# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
## জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
bpi.gov.bd


**বিষয়: ফেব্রুয়ারি /২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ আমিনুল ইসলাম,
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

সভার তারিখ : ২৭ ফেব্রুয়ারি, ২০২২

সভার সময় : দুপুর ৩.০০ ঘটিকা

স্থান : বিপিআই সভাকক্ষ

উপস্থিতি : সংযুক্তি 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণীর সংশোধনী**<br>সভার প্রারম্ভে গত জানুয়ারি মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে কোনোরূপ সংশোধনের প্রয়োজন নাই। | কোনো সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ২। | **বিপিআই- এর বিভিন্ন মাসিক বিল প্রদান**<br>সভায় জানুয়ারি, ২০২২ মাসের বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিল যথাসময়ে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | যথাসময়ে বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিলসমূহ পরিশোধের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক<br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৩। | **প্রশাসন শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদন প্রেরণ**<br>সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন) সভাকে জানান, মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং সকল প্রাপ্ত চিঠি নিষ্পত্তি করা হয়েছে। যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশাসন শাখা<br>৩। এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন টিমের কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| | এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা দেন। | | |
| ৪। | <u>হিসাব শাখার যাবতীয় কার্যক্রম</u><br>সভায় হিসাব শাখার পেন্ডিং প্রতিবেদন বিষয়ে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জনাব আসাদুজ্জামান, হিসাব শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | আর্থিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার ধারা অব্যাহত রাখতে হবে। | ১। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৫। | <u>**৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধি প্রাপ্তির অগ্রগতি**</u><br>সভায় বিগত সমন্বয় সভায় উত্থাপিত ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধির অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জানান, নথিটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে দ্রুত যোগাযোগের মাধ্যমে নথিটির অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করার নির্দেশনা প্রদান করেন। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে নিয়মিত যোগাযোগের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক (হিসাব শাখা) |
| ৬। | <u>**প্রশিক্ষণ শাখার যাবতীয় কার্যক্রম**</u><br>সভায় ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (জনাব মোঃ সাহিদুজ্জামান) জানান, বিপিআই-এ ফেব্রুয়ারি,২০২২ মাসে ৬ টি প্রশিক্ষণের সফলভাবে আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ/কর্মশালায় মোট ২৫৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। সভাপতি মহোদয় প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | অনুরোধের প্রশিক্ষণ/কর্মশালা সহ প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী সকল প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার এ ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |

| | | | |
|---|---|---|---|
| ৭। | <u>বুনিয়াদি প্রশিক্ষণ</u><br>বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। করোনা ভাইরাসের সংক্রমণ বেড়ে যাওয়ায় গত ৬ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন স্থগিত করা হয় মর্মে সভাকে জানানো হয়। | সাম্প্রতিক করোনা ভাইরাসের সংক্রমণ কমে যাওয়ায় বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)। |
| ৯। | <u>বিপিআই এর গবেষণা কার্যক্রমের অগ্রগতি</u><br>গবেষণা ও লার্নিং সেশন সংক্রান্ত কার্যক্রম গ্রহণের নিমিত্ত আলোচনা করা হয়। "A Study on the Optimum Ratio of Propane and Butane Mixture in LPG and Effects of Impurities for Different Usages" শিরোনামে গবেষণা পরিচালনার জন্য তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে জানানো হয়। | গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য গবেষণা কার্যক্রমের ধাপসমূহ উল্লেখপূর্বক ধাপভিত্তিক অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএস.ও)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)। |
| ৮। | <u>ডেস্কটপ কম্পিউটার ক্রয় সংক্রান্ত</u><br>সভায় বিপিআই-এর সকল কর্মকর্তার দাপ্তরিক কাজ সম্পাদনের নিমিত্ত ডেস্কটপ কম্পিউটার ক্রয় সংক্রান্ত কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে, বৈজ্ঞানিক কর্মকর্তা (ভান্ডার শাখা) জানান, ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের প্রক্রিয়া চলমান রয়েছে। সভাপতি ক্রয় প্রক্রিয়াকে আরও গতিশীল করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। | ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (ভান্ডার শাখা)<br>৩। সহকারী পরিচালক (ভান্ডার শাখা) |
| ৯। | <u>সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন</u><br>সভায় সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বলেন সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনাসমূহের মধ্যে বেশ কিছু সংখ্যক নির্দেশনা বাস্তবায়িত হয়েছে এবং বাকি নির্দেশনাসমূহ বাস্তবায়নাধীন রয়েছে। সভাপতি বাকি নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা দেন। | সিনিয়র সচিব নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)<br>৪। সহকারী পরিচালক (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ১০। | **৭ মার্চ ও ১৭ মার্চ উপলক্ষ্যে গৃহীত সম্ভাব্য কর্মসূচী**<br>সভায় ৭ মার্চ ও ১৭ মার্চ উপলক্ষ্যে বিপিআই কর্তৃক গৃহীত সম্ভাব্য কর্মসূচী সম্পর্কে জানতে চাওয়া হলে, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জানান জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে ৭ মার্চ ও ১৭ মার্চ উপলক্ষ্যে বিপিআই এর ভবনে আলোকসজ্জা এবং আলোচনা সভা আয়োজনের নির্দেশনা দেওয়া হয়েছে। সভাপতি উক্ত দিনসমূহ যথাযোগ্য মর্যাদাসহ পালনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে উদ্যোগ গ্রহণের নির্দেশনা দেন। | বিপিআই এর ভবনে আলোকসজ্জা এবং আলোচনা সভা আয়োজন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)<br>৪। সহকারী পরিচালক (সকল) |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আমিনুল ইসলাম)
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

নং-২৮.০৪.০০০০.০০৩.০৬.০০১.১৭.৩২

তারিখ : ৩ মার্চ ,২০২২
১৮ ফাল্গুন, ১৪২৮

সদয় অবগতি/অনুলিপি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

(১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) পরিচালক, প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৫) সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৬) বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৭) সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
(৮) সহকারী পরিচালক (হিসাব শাখা), বিপিআই।
(৯) হিসাব রক্ষক কাম ক্যাশিয়ার, বিপিআই।
(১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিপিআই।
(১১) অফিস কপি।